

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪৩. কোন ব্যক্তি পায়খানা-পেশাবের বেগ চেপে রেখে সালাত আদায় করবে কি?

باب أَيُصلِّي الرَّجُلُ وَهُوَ حَاقِنٌ؟

#### আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ خَالِدِ السُّلَمِيُّ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ، حَدَّثَنَا ثَوْرٌ، عَنْ يَزِيدَ بْنِ شُرَيْحِ الْحَضْرَمِيِّ، عَنْ أَبِي حَيِّ الْمُؤَذِّنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لَا يَحِلُّ لِرَجُل يُوْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ أَنْ يُصلِّي وَهُوَ حَقِنٌ حَتَّى يَتَخَفَّفَ ". ثُمَّ سَاقَ نَحْوَهُ عَلَى هَذَا اللَّفْظ، قَالَ " وَلَا يَحِلُّ لِرَجُل يُوْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ أَنْ يُومَل بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ أَنْ يَوُمُ قَوْمًا إِلَّا بَوْدُو فَعَلَ فَقَدْ خَانَهُمْ " بإذْنِهِمْ وَلَا يَخْتَصَ نَفْسَهُ بِدَعْوَةٍ دُونَهُمْ فَإِنْ فَعَلَ فَقَدْ خَانَهُمْ "

\_ صحيح : إلا جملة الدعوة

قَالَ أَبُو دَاؤُدَ هَذَا مِنْ سُنَنِ أَهْلِ الشَّامِ لَمْ يَشْرَكْهُمْ فِيهَا أَحَدٌ

#### বাংলা

৯১। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ ও পরকালে বিশ্বাসী কোন ব্যক্তির জন্য পায়খানা-পেশাবের বেগ হতে মুক্ত না হয়ে সালাত আদায় করা বৈধ নয়। অতঃপর তিনি নিম্নাক্ত শব্দযোগে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেনঃ আল্লাহ ও পরকালে বিশ্বাসী কোন ব্যক্তির জন্য কোন সম্প্রদায়ের অনুমতি ছাড়া তাদের ইমামতি করা এবং অন্যদের বাদ দিয়ে শুধুমাত্র নিজের জন্য দু'আ করা বৈধ নয়। যদি এরূপ করে, তবে সে তো তাদের প্রতারিত করল। [1]

সহীহ: তবে 'দু'আ করা' কথাটি বাদে।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, হাদীসটি কেবল সিরিয়ার বর্ণনাকারীগণ বর্ণনা করেছেন, এতে তাদের সাথে অন্য কেউ অংশগ্রহণ করেননি।



## **English**

### Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: It is not permissible for a man who believes in Allah and in the Last Day that he should say the prayer while he is feeling the call of nature until he becomes light (by relieving himself).

Then the narrator Thawr b. Yazid transmitted a similar tradition with the following wordings: "It is not permissible for a man who believes in Allah and in the Last Day that he should lead the people in prayer but with their permission; and that he should not supplicate to Allah exclusively for himself leaving all others. If he did so, he violated trust."

Abu Dawud said: This is a tradition reported by the narrators of Syria; no other person has joined them in relating this tradition.

## ফুটনোট

[1] এটি আবু দাউদের একক বর্ণনা।

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। কোনো ব্যক্তির জন্যই জায়িয় নয় কোনো সম্প্রদায় বা লোকের অনুমতি ছাড়া তাদের ইমামতি করা। যেহেতু তারাই ইমামতের অধিক হারুদার।
- ২। সালাতের যেসব স্থানে দু'আর সুযোগ রয়েছে, কেউ ইমামতিকালে সেসব স্থানে কেবল নিজের জন্য দু'আ না করে সকলের জন্যই দু'আ করবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন